যুগান্তর

তারিখ ... 12.7.AUG.2015 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6 ......

বেরোবিতে ছাত্রী উত্ত্যক্তের ঘটনা

# ছাত্রলীগ সভাপতি সম্পাদকসহ ৬ জনের বিরুদ্ধে মামলা

**রংপুর ব্যুরো**

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) এক ছাত্রীকে ছাত্রলীগ নেতার উত্ত্যক্ত ও এর প্রতিবাদ করায় প্রতিপক্ষ গ্রুপের ওপর হামলার ঘটনায় মামলা করা হয়েছে। মামলায় অভিযুক্ত ছাত্রলীগ নেতা শাওন ছাড়াও বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি-সম্পাদকসহ সংগঠনটির ৬ নেতাকে আসামি করা হয়েছে। মঙ্গলবার রাতে কোতোয়ালি থানায় মামলাটি করেন হয়রানির শিকার বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সাইন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ওই ছাত্রী। থানা সূত্রে জানা গেছে, মামলার আসামিরা হলেন— বেরোবি শাখা ছাত্রলীগের সভাপতি মেহেদি হাসান শিশির, সম্পাদক মোস্তফা মাহমুদ হাসান, সাংগঠনিক সম্পাদক শাওন আহমেদ শুভ, সহসভাপতি আরিফুল ইসলাম, ছাত্রলীগ নেতা আদনান আলী ও শামীম।

এজাহারে বলা হয়, শাওন আহমেদ শুভ প্রেমের প্রস্তাব দিয়ে দীর্ঘদিন ধরে ওই তরুণীকেক উত্ত্যক্ত করে আসছে। এমনকি তাকে এসিড ছুড়ে মারারও হুমকি দেয়া হয়। ছাত্রলীগের সাবেক কমিটির নেতা হাদিউজ্জামান হাদি ও মোহাম্মদ আলী রাজের কাছে এ বিষয়ে ওই ছাত্রী বিচার চান। তারা ছাত্রীকে উত্ত্যক্ত করার প্রতিবাদ জানালে মঙ্গলবার রাতে অভিযুক্তরা তাদের ছাত্রাবাসে হামলা চালিয়ে ৯ জনকে আহত করে। ওসি (তদন্ত), আজিজুল ইসলাম জানান, বিষয়টি তদন্ত করে আসামিদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।

**ছাত্রলীগের হাতে প্রক্টর লাঞ্ছিতের প্রতিবাদে মানববন্ধন** : ছাত্রলীগ নেতাদের হাতে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর শাহিনুর ইসলাম লাঞ্ছিত ও ছাত্রীকে যৌন হয়রানির প্রতিবাদে মানববন্ধন করেছে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীরা। বুধবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে ওই মানববন্ধন থেকে এ দুই ঘটনায় জড়িত ছাত্রলীগ নেতাদের গ্রেফতারের দাবি জানানো হয়।